ফোন নং : 0247-860524
Email : dgmrdd@rakub.org.bd
Web: www.rakub.org.bd

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
গবেষণা ও উন্নয়ন বিভাগ

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

সূত্র নং : প্রকা/গউবি-৪(১)/২০২২-২০২৩/১২০ তারিখ : ২৯.০৮.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ঋণগ্রহীতার ঋণের তথ্য সিআইবিতে নির্ভুলভাবে রিপোর্টিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ২৬.০৪.২০১৮ তারিখের ১/২০১৮ নম্বর সিআইবি সার্কুলার মারফত সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য ঋণ তথ্যের নিম্নসীমা ১.০০ টাকায় পুন:নির্ধারণ করা হয়। অর্থাৎ ১.০০ টাকা হতে তদুর্ধ পরিমাণ সকল ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে নির্ভুলভাবে অন্তর্ভুক্তিকরণসহ তা মাসিক ভিত্তিতে হালনাগাদকরণের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ০৪.০৫.২০১১ তারিখের ০২/২০১১ নম্বর সিআইবি সার্কুলারে যথাসময়ে সিআইবি অনলাইন সিস্টেমে তথ্য প্রদান করা না হলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয় এবং একই বিভাগের ২১ জুলাই ২০২২ তারিখের ০৩/২০২২ নম্বর সিআইবি সার্কুলার লেটারে জরিমানা আরোপ ও আদায় পদ্ধতির বিষয় উল্লেখ করা হয়েছে। জরিমানা আরোপ ও আদায় পদ্ধতি সংক্রান্ত পত্র এ বিভাগের ২৬.০৭.২০০২২ তারিখের প্রকা/গউবি ০৪/২০২২-২০২৩/৫৬(৪০২)/৩ নম্বর পত্র মারফত সকলের অবগতির জন্য প্রেরণ করে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। ঋণ গ্রহীতাগণের ঋণের তথ্য যথাসময়ে নির্ভুলভাবে অনলাইন সিস্টেমে সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্তির বিষয়ে বাংলাদেশ ব্যাংক এবং এ ব্যাংক হতে সতর্ক করা হলেও শাখা পর্যায়ে এতদ্বিষয়ে গুরুত্বারোপ করা হচ্ছে না। এতদপরিপ্রেক্ষিতে অনেক ব্যক্তি বা প্রতিষ্ঠান ঋণ খেলাপী হওয়া সত্ত্বেও বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণের সুযোগ গ্রহণ করছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংকের নিকট ব্যাংক ব্যবস্থাপনাকে বিব্রতকর অবস্থার সম্মুখীন হতে হচ্ছে। অনেক ক্ষেত্রে জরিমানা আরোপের মত অনাকাংখিত অবস্থার সম্মুখীন হতে হচ্ছে যা আদৌ কাম্য নয়।

০৫। এমতাবস্থায় সকল শাখাকে নিম্নরূপ নির্দেশনা যথাযথভাবে পরিপালনের পরামর্শ দেয়া হলো :

(ক) শাখার শতভাগ ঋণ গ্রহীতার ঋণের তথ্য নির্ভুলভাবে যথাসময়ে সিআইবি অনলাইন সিস্টেমে অন্তর্ভুক্ত করতে হবে। যে সকল হিসাব এখনো সিআইবিতে অন্তর্ভুক্ত করা হয়নি তা জরুরী ভিত্তিতে আগামী ৩১.১০.২০২২ তারিখের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে;

খ) সিআইবিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে ভেরিফাইড জাতীয় পরিচয়পত্রের সঙ্গে মিল রেখে ঋণ গ্রহীতার নামের বানান লিপিবদ্ধকরণসহ পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বরসহ ঋণের তথ্য সঠিকভাবে এন্ট্রি করতে হবে ;

(গ) সিআইবিতে অন্তর্ভুক্ত সকল ঋণের তথ্য হালনাগাদ রাখতে হবে। মাসিক ভিত্তিতে গবেষণা ও উন্নয়ন বিভাগ হতে সিআইবিভুক্ত ঋণসমূহের তথ্যের সফ্ট কপি ফক্সপ্রো প্রোগ্রামে জোনাল কার্যালয়সমূহে প্রেরণ করা হয়। জোনাল কার্যালয় হতে তা শাখাসমূহে এক্সেল ফাইলে প্রেরণ না করে ফক্সপ্রোতেই প্রেরণ করতে হবে;

(ঘ) শাখাসমূহে ফক্সপ্রো প্রোগ্রাম ইনস্টল করতে হবে ;

অপর পৃষ্ঠায়

(ঙ) সিআইবিতে নতুন তথ্য অন্তর্ভুক্তিকরণ, প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন ফক্সপ্রো প্রোগ্রামে সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, ফক্সপ্রো প্রোগ্রামে নতুন তথ্য অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে Cltr+Y চাপলে ডাটাবেইজে Space তৈরী হবে এবং উক্ত Space এ তথ্য অন্তর্ভুক্ত করা যাবে।

এমতাবস্থায়, উপরোল্লিখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন করে সিআইবি ডাটাবেইজে ঋণের তথ্য নির্ভুলভাবে অন্তর্ভুক্তিসহ তথ্য হালনাগাদের পরামর্শ দেয়া হলো।
নির্দেশনা পরিপালন না করার কারণে কোনরূপ জটিলতার সৃষ্টি হলে বা অর্থদন্ড আরোপ করা হলে তার সার্বিক দায়দায়িত্ব ডাটাবেইজে তথ্য অন্তর্ভুক্তি এবং হালনাগাদকরণের সঙ্গে সংশ্লিষ্ট শাখা এবং জোনাল কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বহন করতে হবে।

উল্লেখ্য, এতদ্বিষয়ে কোন স্পষ্টীকরণের প্রয়োজন হলে গবেষণা ও উন্নয়ন বিভাগের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৯।০৮।২২

(মোসা: মাকসুদা নাসরীন)
মহাব্যবস্থাপক

সূত্র নং : প্রকা/গউবি-৪(১)/২০২২-২০২৩/১২০(৪৫৩) তারিখ : ২৯.০৮.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩) স্টাফ অফিসার সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪) মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬) উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
তাঁকে পত্রটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭) অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৮) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯) সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০) ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১) অফিস নথি।

২৯।০৮।২০২২
(রণজিৎ কুমার সেন)
উপ-মহাব্যস্থাপক